

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা



গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৫৪

তারিখ: ২৯ মাঘ ১৪২৯

১২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: এমপিও স্থায়ীভাবে বন্ধের কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র: জেলা প্রশাসক, পটুয়াখালী এর স্মারকনং-০৫.১০.৭৮০০.০২০.০৩.০০৮.২০.৩০১; তারিখ: ২২/১১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকী উপজেলার আলিম পরীক্ষা ২০২২-এ সংঘটিত ঘটনায় “পাংগাশিয়া নেছারিয়া কামিল মাদ্রাসায় কর্মরত জনাব আবদুস সাকুর (ইনডেক্স-M0010315), অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গত ১৭ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ইংরেজী ২য় পত্র পরীক্ষা চলাকালীন সময়ে ইংরেজী প্রশ্নের সমাধানসহ নকলের কপি সরবরাহকালে হাতেনাতে আটক হন এবং জনাব মো: আল ইমরান বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী কর্তৃক পাবলিক পরীক্ষা আইন ১৯৮০ এর ৯ এর (ক) ধারায় তাকে দুই বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

আলিম পরীক্ষা-২০২২ এ ইংরেজী ২য় পত্র পরীক্ষা চলাকালীন সময়ে জনাব মো: মহিউদ্দিন আল হেলাল, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার (অ.দা.) গলাচিপা, পটুয়াখালী কর্তৃক গলাচিপা উপজেলার কালিকাপুর নুরিয়া ফাজিল মাদ্রাসার কক্ষ প্রত্যবেক্ষক জনাব মো: আল আমিন (ইনডেক্স-M0008668), সহকারী মৌলভী এবং এন জেড আলিম মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী এর উপাধ্যক্ষ জনাব মো: মাহমুদুল হাসান (ইনডেক্স-C2033041) পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহযোগিতা করার জন্য পাবলিক পরীক্ষা আইন ১৯৮০ এর ৯ (খ) ধারায় ০১ (এক) বছর বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

২। এছাড়া জনাব মো: মহিউদ্দিন আল হেলাল, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:) গলাচিপা, পটুয়াখালী কর্তৃক কল্যাণ কলস নেছারিয়া আলিম মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী এর প্রভাষক-ইংরেজী জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স-N2098843) কর্তৃক পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহযোগিতা করে পালাতক থাকায় তার বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, গলাচিপা থানাকে নির্দেশ প্রদান করেন।

৩। পাবলিক পরীক্ষা একটি স্পর্শকাতর বিষয় এবং পাবলিক পরীক্ষার মতো দায়িত্বশীল কাজে এ ধরনের অনৈতিক কর্মকাণ্ড চাকুরী শৃঙ্খলা পরিপন্থী বিধায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮ (গ) অনুযায়ী বর্ণিত ০৪ (চার) জন উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মচারির এমপিও সাময়িকভাবে স্থগিত করা হলো।

৪। বর্ণিত প্রেক্ষিতে কেন বর্ণিত তাঁর/তাদের এমপিও চূড়ান্তভাবে বন্ধ করা হবে না; তা পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-২-২০২৩

মো: জাকির হোসাইন

উপ-পরিচালক

ফোন: ৪১০৩০১৬৩

১। মো: মাহমুদুল হাসান, উপাধ্যক্ষ, এন জেড আলিম
মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী

ইমেইল: ddadmeb@gmail.com

- ২। মো: রফিকুল ইসলাম, প্রভাষক (ইংরেজি) কল্যান
কলস নেছারিয়া আলিম মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী
- ৩। মো: আল আমিন, সহকারী মৌলভী, কালিকাপুর নুরিয়া
ফাজিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী
- ৪। আবদুস সাকুর, অফিস সহকারী কাম কম্পিউটার
অপারেটর, দুমকী, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭.৫৪/১(৮)

তারিখ: ২৯ মাঘ ১৪২৯
১২ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, দুমকি, পটুয়াখালী
- ৬) সদস্য সচিব (এমপিও), মাদরাসা শিক্ষা অধিদপ্তর
- ৭) জনাব
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদরাসা শিক্ষা অধিদপ্তর

১২-২-২০২৩

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক